

# সরকারি তিতুমীর কলেজে চালু হচ্ছে শহীদ মামুন ছাত্রাবাস

মোহাম্মদ মাসুম বিল্লাহ রাষ্ট্রীয়, তিতুমীর  
কলেজ

প্রকাশিত: ১৭:৩৬, ২৯ জুন ২০২৫



ছবি: সংগৃহীত।

সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীদের দীর্ঘদিনের অপেক্ষার  
অবসান হতে যাচ্ছে। আসছে জুলাইয়ের এক তারিখে  
আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে বল প্রতীক্ষিত 'শহীদ মামুন  
ছাত্রাবাস'। আজ রোববার (২৯ জুন) কলেজের অধ্যক্ষ এবং  
ছাত্রাবাসের তত্ত্বাবধায়ক স্বাক্ষরিত একটি বিজ্ঞপ্তিতে এ তথ্য  
জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি  
হিসেবে উপস্থিত থাকবেন কলেজের মাননীয় উপাধ্যক্ষ  
অধ্যাপক ড. মো. মিজানুর রহমান। শহীদ মামুন ছাত্রাবাস  
ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সিট  
বরাদ্দপ্রাপ্ত সকল শিক্ষার্থীর উপস্থিত থাকতে অনুরোধ জানানো  
হচ্ছে।

এ বিষয়ে ছাত্রাবাসে সিটপ্রাপ্ত শিক্ষার্থী আরাফাত হোসেন সিয়াম  
বলেন, আমাদের মতো মধ্যবিত্ত বা দূর-দূরান্ত থেকে আসা  
শিক্ষার্থীদের জন্য ছাত্রাবাস মানে শুধু একটা থাকার জায়গা না  
এটা আমাদের শিক্ষাজীবনের একটা নির্ভরতার জায়গা। 'শহীদ  
মামুন ছাত্রাবাস'-এর উদ্বোধনের খবর শুনে আমরা সত্যই  
আনন্দিত। আশা করি এখানে পড়াশোনার একটা শান্ত পরিবেশ  
গড়ে উঠবে।

এ বিষয়ে ছাত্রাবাসের তত্ত্বাবধায়ক আবু জাফর মুহাম্মদ মাসুদ  
উজ্জামান বলেন, উদ্বোধনের পর থেকেই শিক্ষার্থীরা ছাত্রাবাসে  
উঠতে পারবেন। এ বিষয়ে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ  
করেছি।

এদিকে ছাত্রাবাস উদ্বোধনের ঘোষণা দেওয়া হলেও এখনো  
ছাত্রাবাসে গ্যাস লাইন সংযোগ দেওয়া হয়নি।

এ বিষয়ে তিনি বলেন, গ্যাস লাইন সংযোগের জন্য আবেদন করা  
হয়েছে কিন্তু কলেজের অপর ছাত্রাবাস 'আক্ষাসুর রহমান আখি'  
ছাত্রাবাসের গ্যাসবিল বকেয়া থাকার কারণে সংযোগ দেওয়া  
সম্ভব না বলে জানানো হয়েছে।

তিনি আরো বলেন, উদ্ভৃত এই পরিস্থিতিতে সাময়িক সময়ের  
জন্য 'আক্ষাসুর রহমান আখি' ছাত্রাবাসের গ্যাস লাইন ব্যবহার  
করে শিক্ষার্থীদের ক্যান্টিন চালানোর ব্যবস্থা করা হবে।

---

সায়মা ইসলাম